অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল 'জেল থেকে কাজ' এর ঘোষণা করেছেন -- যা কর্মক্ষেত্রে পুনঃপ্রবেশের উন্নতির জন্য এবং অপরাধেরর জীবনে ফিরে যাওয়া হ্রাস করার জন্য একটি নতুন উদ্যোগ

'জেল থেকে কাজ' পূর্বে কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা এবং সুযোগের সাথে সংযোগ করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোচুল আজ 'জেল থেকে কাজ' উদ্যোগের ঘোষণা করেছেন যা তার 2022 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ। 'জেল থেকে কাজ' এর লক্ষ্য হল কর্মশক্তিতে পুনঃপ্রবেশ উন্নত করা এবং পূর্বে কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা, সংস্থান এবং চাকরিতে নিয়োগের সুযোগের সাথে সংযুক্ত করার উপর দৃষ্টি নিবদ্ধ করে অপরাধ জীবনে ফেরা হ্রাস করা।

"এমন একটি ব্যবস্থায় কোন ন্যায় নেই যা পূর্বে কারাবন্দী ব্যক্তিদের অযথা শাস্তি প্রদান করে যারা তাদের অপরাধের জন্য শাস্তি পেয়েছেন এবং সমাজের কাছে তাদের ঋণ পরিশোধ করেছেন," গভর্নর হোচুল বলেন। "আমরা জানি কিভাবে সঠিক প্রশিক্ষণ, সুযোগ বা কলেজের ডিগ্রি কোনো নিউ ইয়র্কবাসীকে উন্নীত করতে পারে তিনি যেখান থেকেই এসে থাকুন না কেন, সেই কারণে আমাদের অবশ্যই শিক্ষার শক্তিকে কাজে লাগাতে হবে যাতে পূর্বে কারাবন্দী ব্যক্তিদের পুনঃপ্রবেশে সহায়তা করা যায়, সেই সঙ্গে নিশ্চিত করা যায় যে বিচার ব্যবস্থাটি স্বয়ং তাদের জীবন উন্নত করার চেষ্টা করার পথে বাঁধা হয়ে না দাঁড়ায়।"

একটি ন্যায্য ফৌজদারি বিচার ব্যবস্থা তৈরির ক্ষেত্রে নিউ ইয়র্কের অগ্রগতি সত্ত্বেও, রাজ্যের কারাগারের বহু মানুষ শিক্ষার সুযোগ অ্যাক্সেস করার জন্য সংগ্রাম করেন। কারাবন্দী জনসংখ্যার জন্য উচ্চ-শিক্ষার সুযোগের সম্প্রসারণ অপরাধ জীবনে ফেরা হ্রাস করে, মুক্তির পরবর্তী কর্মসংস্থান বৃদ্ধি করে এবং করদাতার অর্থ সাশ্রয় করে সুস্পষ্ট সুবিধা প্রদান করে। কারাগারে বন্দী ব্যক্তিরা যারা সংশোধনমূলক শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করেন তাদের পুনরায় অপরাধ করার সম্ভাবনা 43 শতাংশ কম এবং তাদের সম্প্রদায়ে ফিরে আসার পরে চাকুরী পাওয়ার এবং তা ধরে রাখার সম্ভাবনা 13 শতাংশ বেশি। কারাগারের শিক্ষায় বিনিয়োগ করা প্রতি 1 ডলারের জন্য করদাতারা মোটামুটিভাবে 5 ডলার সাশ্রয় করেন, এবং এই বিনিয়োগের কারণে অপরাধ জীবনে ফেরার হার হ্রাস পায়।

গভর্নর হোচুলের 'জেইল থেকে কাজ' পরিকল্পনা বন্দী এবং পূর্বে বন্দী নিউ ইয়র্কবাসীদের গুরুত্বপূর্ণ কাজের দক্ষতা অর্জন করতে এবং দীর্ঘমেয়াদী কর্মসংস্থান সুরক্ষিত করতে সাহায্য করবে, অপরাধ জীবনে ফেরা কমাতে এবং জননিরাপত্তা বাড়াতে সাহায্য করবে।

এটি এগুলির মাধ্যমে সম্পন্ন করা হবে:

- **কেরিয়ার পরিকল্পনা এবং চাকরিতে নিয়োগের ক্ষেত্রে প্যারোল অফিসারদের পুনরায় নজর কেন্দ্রীভূত করা:** প্যারোলিদের জন্য কর্মসংস্থানের সুযোগগুলিকে আরও ভালোভাবে সমর্থন করতে এবং অপরাধ জীবনে ফেরা আরও কমাতে, গভর্নর হোচুল প্রস্তাব করবেন যে ডিপার্টমেন্ট অফ কারেকশন অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision, DOCCS) এবং ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DJCS) রাজ্যের প্রায় 100 প্যারোল অফিসারদের এবং কর্মজীবণের পরিকল্পনা এবং চাকরিতে নিয়োগের উপর পুনরায় প্রবেশের বিশেষজ্ঞদের একটি নেটওয়ার্ককে প্রশিক্ষণ দিতে সহযোগিতা করবে। এজেন্সিগুলি প্রমাণ-ভিত্তিক প্রশিক্ষণ এবং অন্যান্য শ্রম-কেন্দ্রিক উন্নয়ন কর্মসূচীও প্রদান করবে, যা নিশ্চিত করে যে নিউ ইয়র্কের সকল প্যারোল এবং প্রবেশন পেশাজীবীরা প্রত্যেক ব্যক্তির পরিবার এবং সম্প্রদায়ে ফিরে আসার ক্ষেত্রে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছেন। 2023 সালের মধ্যে, নিউ ইয়র্ক স্টেটের 700 জন প্যারোল অফিসারদের প্রায় সবাই এই কর্মীবাহিনীর প্রশিক্ষণ গ্রহণ করবেন।

- **স্বেচ্ছাসেবী, বেসরকারি খাত, কারাগারে কর্মসংস্থানের সুযোগগুলিকে সক্ষম করা যা প্রতিযোগিতামূলক মজুরি প্রদান করে:** গভর্নর হোচুল সরকারি-বেসরকারি অংশীদারিত্বের সম্ভব করার জন্য একটি সাংবিধানিক সংশোধনের প্রস্তাব করবেন যা কারাগারের মধ্যে হাইব্রিড কাজ-মুক্তির প্রোগ্রামগুলিকে সক্ষম করবে। এই অংশীদারিত্ব, যা স্বেচ্ছায় হবে এবং একটি প্রতিযোগিতামূলক মজুরি প্রদান করবে, কারাবন্দী ব্যক্তিদের জন্য গুরুত্বপূর্ণ বেসরকারি খাতের কাজের দক্ষতা প্রদান করবে।

- **বৃত্তিমূলক, কাজের প্রস্তুতি, এবং পুনঃপ্রবেশ সংক্রান্ত প্রোগ্রামগুলির সম্প্রসারণ:** বিদ্যমান কর্মজীবনের প্রোগ্রামগুলিকে শক্তিশালী করার জন্য, গভর্নর হোচুল বর্তমান বৃত্তিমূলক প্রোগ্রামিং পর্যালোচনা এবং প্রসারিত করার জন্য DOCCS-কে নির্দেশ দেবেন, যেমন পুনঃপ্রবেশের কম্পিউটার ল্যাব পাইলট, এবং নতুন উদ্যোগ বাস্তবায়ন করতে, যার মধ্যে আছে কারাবন্দী ব্যক্তিদের বাণিজ্যিক ড্রাইভিং লাইসেন্স পেতে সক্ষম করার বৃত্তিমূলক প্রশিক্ষণ সহ।

- **বন্দী ব্যক্তিদের জন্য টিউশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP) পুনরুদ্ধার করা:** গভর্নর হোচুল বন্দী ব্যক্তিদের রাষ্ট্রীয় আর্থিক সহায়তা প্রদানের উপর দীর্ঘস্থায়ী নিষেধাজ্ঞা প্রত্যাহার করার জন্য আইন

প্রণয়নের প্রস্তাব করবেন এবং DOCCS-এর সাথে চুক্তিবদ্ধ বিশ্ববিদ্যালয়গুলির জন্য অর্থপূর্ণ কর্মজীবনের পথ সহ কেরিয়ার কাউন্সেলিং এবং ডিগ্রি প্রদান আবশ্যক করবে।

- **একটি অর্জিত, পুনরায় প্রবেশের সুযোগ হিসাবে শিক্ষাগত মুক্তির অনুমতি দেওয়া:** রাষ্ট্রীয় আইন বর্তমানে শিক্ষাগত, বৃত্তিমূলক বা সম্পর্কিত উদ্দেশ্যে শিক্ষামূলক মুক্তির জন্য প্রতিদিন 14 ঘন্টা পর্যন্ত অনুমোদন করে; কিন্তু কলেজে নথিভুক্ত বেশিরভাগ কারাবন্দী ব্যক্তি তাদের অপরাধের প্রকৃতির কারণে যোগ্যতা অর্জন করতে পারেন না। এর প্রতিকারের জন্য, গভর্নর হোচুল শিক্ষাগত মুক্তিতে অংশগ্রহণের জন্য সীমিত ক্রেডিট টাইম অ্যালাউন্স (Limited Credit Time Allowance, LCTA) এর জন্য যোগ্য কারাবন্দী ব্যক্তিদের জন্য প্রসারিত করার জন্য এবং এর জন্য তাদের দলের সাজার বিরুদ্ধে ছয় মাসের LCTA ক্রেডিট প্রদানকে ত্বরান্বিত করার জন্য আইনের প্রস্তাব করবেন।

- **ক্লিন স্লেট আইন পাস করা:** গভর্নর হোচুল ক্লিন স্লেট আইন, ফৌজদারি বিচার সংস্কার আইন পাস করার জন্য চাপ দেবেন যা কিছু অপরাধমূলক রেকর্ডকে সাত বছর পরে সিল করার অনুমতি দেবে এবং কিছু লঘু অপরাধের রেকর্ড তিন বছর পরে, সাজা পূর্ণ হওয়ার পরে সিল করতে দেবে। রেকর্ড সিল করার জন্য যোগ্য হতে, একজন ব্যক্তিকে তাদের কারাদণ্ড এবং সম্প্রদায়ের তত্ত্বাবধান সম্পূর্ণ করতে হবে; একটি যৌন অপরাধের জন্য দোষী সাব্যস্ত না হয়ে থাকতে হবে; এবং তারপর থেকে নিউ ইয়র্ক স্টেটে পরবর্তীতে দোষী সাব্যস্ত না হয়ে থাকতে হবে বা অপেক্ষার সময় মুলতুবি রাখা অভিযোগ না থাকতে হবে। কর্মসংস্থানের উপযুক্ত বিভাগগুলির জন্য যুক্তিসঙ্গত ব্যতিক্রম করা হবে।

- **কারাবন্দি-পরবর্তী ব্যক্তিদের জন্য ট্রানজিশনাল আবাসনের জন্য একটি নতুন পদ্ধতির পাইলটিং:** গভর্নর হোচুল একটি পাইলট প্রোগ্রাম তৈরি করবেন যার লক্ষ্য হল একটি পূর্বে কারাবন্দি ব্যক্তির স্থিতিশীল আবাসন নিশ্চিত করার ক্ষমতা উন্নত করা যা তাদের আশ্রয়ের ব্যবস্থায় পৌঁছানর থেকে বিরত রাখে। এই পাইলট প্রোগ্রামটি 90 দিনের জন্য স্থিতিশীল আবাসন প্রদানের জন্য একটি আবাসিক চিকিৎসার ফ্যাসিলিটির সাথে কাজ করবে যেহেতু ব্যক্তিটি একটি চাকরি এবং স্থায়ী আবাসন অনুসরণ করেন।

- **কারাবাসের পরে সমাজে ফিরে আসা ব্যক্তিদের জন্য বাধা কমাতে পুরানো তদারকির ফিগুলি দূর করা:** নিউ ইয়র্ক স্টেটের বর্তমান তত্ত্বাবধান ফি আইনের অধীনে, 18 বছরের বেশি বয়সী প্রতিটি ব্যক্তির জন্য প্যারোলে এবং মুক্তির পরের তত্ত্বাবধানে DOCCS-কে প্রতি মাসে 30.00 ডলারের তদারকি ফি সংগ্রহ করতে হবে। কিন্তু প্যারোলিদের জনসংখ্যার সীমিত আয় এবং কর্মসংস্থানের সুযোগ রয়েছে, এবং প্যারোলিরা প্রায়শই এই ফিগুলি প্রদানের জন্য সমস্যার সম্মুখীন হন যার ফলে সংগ্রহের হার কম হয়। 30,000-এরও বেশি প্যারোলিদের জন্য পুনঃপ্রবেশের সুবিধার্থে, গভর্নর হোচুল এই পুরানো তদারকির

ফিগুলি নিষ্কাশন করার প্রস্তাব করবেন যা প্যারোলিতে আর্থিক বোঝা কমিয়ে দেবে।

- **প্যারোল বোর্ডে সম্পূর্ণভাবে কর্মীদের নিয়োগ করা এবং বোর্ডের সদস্যদের জন্য বাইরের চাকরি নিষিদ্ধ করা:** রাজ্যের আইন প্যারোল বোর্ডকে তাদের মধ্যে 19 জন সদস্য পর্যন্ত থাকার অনুমতি দেয়, প্রতিটি গভর্নর দ্বারা নিযুক্ত এবং ছয় বছরের মেয়াদের জন্য সিনেট দ্বারা নিশ্চিত করা হয়। তবে, যেহেতু প্যারোল বোর্ডে বর্তমানে মাত্র 15 জন সদস্য রয়েছেন, তাই গভর্নর হোচুল চারটি অতিরিক্ত আসন পূরণের জন্য ব্যক্তিদের মনোনীত করবেন যা মামলার শুনানির জন্য বোর্ডের ক্ষমতা বৃদ্ধি করবে। অতিরিক্তভাবে, বোর্ডের ক্ষমতাকে আরও বাড়ানোর জন্য এবং বোর্ডের সদস্যদের একমাত্র পেশাদার ফোকাস মামলার শুনানির দিকে রয়েছে তা নিশ্চিত করতে গভর্নর হোচুল প্যারোল বোর্ডের সদস্যদের বাইরের চাকরির থেকে নিষিদ্ধ করবেন।

- **মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের জন্য সুযোগ বাড়ানোর জন্য আইডি কার্ড এবং অন্যান্য গুরুত্বপূর্ণ রেকর্ডগুলিতে অ্যাক্সেসকে সহজতর করা:** বন্দী ব্যক্তিরা প্রায়ই একটি DMV নন-ড্রাইভার ID কার্ড প্রাপ্ত করার জন্য প্রয়োজনীয় নথি সরবরাহ করতে পেরেই সংগ্রাম করে। কারাবাসের পরে DMV নন-ড্রাইভার ID কার্ড ইস্যুতে সহায়তা করবে এমন ডকুমেন্টেশনের অ্যাক্সেস সহজতর করার জন্য গভর্নর হোচুল একটি আইন প্রণয়নের প্রস্তাব করবেন যা একটি রায় এবং কারবাসের বিধান বা একটি কারবাসের সার্টিফিকেটকে DOCCS-এর জন্য অনুমোদন হিসাবে বিবেচিত হতে দেবে একজন কারারুদ্ধ ব্যক্তির হয়ে একটি জন্ম সনদ বা জন্মের ট্রান্সক্রিপ্ট পাওয়ার জন্য মুক্তিলাভের পর রাষ্ট্রীয় পরিচয় প্রদানের উদ্দেশ্যে। গভর্নর হোচুল প্যারোলিদের জন্য নন-ড্রাইভার আইডি প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে DOCCS এবং DMV দ্বারা প্রতিষ্ঠিত সফল পাইলট প্রোগ্রামটিকেও প্রসারিত করবেন যাতে একটি পাইলট প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা হবে যা কারাবন্দী ব্যক্তিদের মুক্তির আগে ইস্যু করার অনুমতি দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন